

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬১১

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ মুশরীকদের মাঝে বসবাস নিন্দনীয়।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْمَقَامِ بَيْنَ أَظْهَرِ الْمُشْرِكِينَ

আরবী

حَدَّثَنَا هَنَّا، حَدَّثَنَا عَبْدُ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ، عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ، مِثْلَ حَدِيثِ أَبِي مُعَاوِيَةَ وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ جَرِيرٍ، . وَهَذَا أَصَحُّ . وَفِي الْبَابِ عَنْ سَمُرَةَ، . قَالَ أَبُو عِيسَى وَأَكْثَرُ أَصْحَابِ إِسْمَاعِيلَ قَالُوا عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ سَرِيَّةً وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ جَرِيرٍ. وَرَوَاهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ قَيْسٍ عَنْ جَرِيرٍ مِثْلَ حَدِيثِ أَبِي مُعَاوِيَةَ قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ الصَّحِيحُ حَدِيثُ قَيْسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلٌ وَرَوَى سَمُرَةُ بْنُ جُنْدَبٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تُسَاكِنُوا الْمُشْرِكِينَ وَلَا تُجَامِعُوهُمْ فَمَنْ سَاكَنَهُمْ أَوْ جَامَعَهُمْ فَهُوَ مِثْلُهُمْ

বাংলা

১৬১১। হান্নাদ (রহঃ) ... কায়স ইবনু আবু হাযিম (রহঃ) থেকে আবু মুআবিয়া (১৬০৭ নং) বর্ণিত হাদীসের বর্ণনা করেছেন। তবে এ সনদে জারীর রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ নেই। এটি অধিকতর সহীহ।

এই বিষয়ে সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইসমাঈল (রহঃ) এর অধিকাংশ শারগিদ এটিকে কায়স ইবনু আবু হাযিম থেকে রিওয়ায়াত করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বাহিনী প্রেরণ করেছিলেন। এতে তারা জারীর রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ করেননি। হাম্মাদ ইবনু সালামা এটিকে হাজ্জাজ ইবনু আরতাত-ইসমাঈল ইবনু আবু খালিদ-কায়স-জারীর রাদিয়াল্লাহু আনহু সূত্রে আবু মুআবিয়া (রহঃ) এর অনুরূপ বর্ণনা করেছেন। আমি মুহাম্মাদ (ইমাম বুখারী)-কে বলতে শুনেছি যে, সহীহ হলো কায়স-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণিত রিওয়ায়াতটি। সামুরা ইবনু জুনদুব রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা মুশরিকদের সাথে বসবাস করবে না এবং তাদের সাথে একত্রিতও হবে না। যে ব্যক্তি তাদের সাথে বসবাস করবে বা তাদের সাথে মিলিত হবে সে তাদেরই মত।

তিরমিজী হাদিস নম্বরঃ ১৬০৫ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated Qais bin Abu Hazim:

Similar to the narration of Abu Mu'aqiyah (no. 1604) but he did not mention in it: "from Jarir" in it, and that is more correct.

There is something on this topic from Samurah.

[Abu 'Eisa said:] Most of the companions of Isma'il said: "From Isma'il, from Qais bin Abu Hazim, that the Messenger of Allah (ﷺ) sent a military expedition." and they did not mention: "from Jarir" in it.

Hammad bin Salamah reported similar to the narration of Abu Mu'awiyah, from Al-Hajjaj bin Artah, from Isma'il bin Abi Khalid, from Qais from Jarir

[He said:] I heard Muhammad saying: "What is correct is the narration of Qais from the Prophet (ﷺ) in Mursal form."

Samurah bin Jundab repoted that the Prophet (ﷺ) said: "Do not live among the idolaters, and do not assemble with them, for whoever lives among them or assembles with them then he is similar to them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ক্বায়স ইবন আবু হাযিম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22120>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন